

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৭৭৯  
মোহনপুর, ২২ নভেম্বর, ২০২৩

লেফুঙ্গা ব্লকে কৃষি মহকুমা কার্যালয়ের উদ্বোধন

চাষযোগ্য জমি চাষের আওতায় নিয়ে আসার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে : কৃষিমন্ত্রী

রাজ্যের চাষযোগ্য জমি চাষের আওতায় নিয়ে আসার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। কম জমিতেও বেশী ফসল উৎপাদনে কৃষকদের সরকার সহায়তা করছে। আজ লেফুঙ্গায় পুরাতন লেফুঙ্গা ব্লক প্রাঙ্গণে কৃষি মহকুমা কার্যালয়ের উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী জানান, রাজ্য সরকার ৫৮টি ব্লকেই কৃষি মহকুমা কার্যালয় খোলার পরিকল্পনা নিয়েছে। লেফুঙ্গা কৃষি মহকুমা কার্যালয়টি হল রাজ্যের ৪৪তম কৃষি মহকুমা কার্যালয়।

অনুষ্ঠানে কৃষিমন্ত্রী রতনলাল নাথ আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কৃষকদের কল্যাণে ও কৃষির বিকাশকে সবচেয়ে বেশী অগ্রাধিকার দিয়েছেন। রাজ্যের গড় অভ্যন্তরীণ উৎপাদনের প্রায় ৩৬ শতাংশ কৃষি থেকে আসে। তিনি বলেন, রাজ্যে কৃষকদের আয় তুলনায় অনেক বেড়েছে। রাজ্যের ২ লক্ষ ৪৬ হাজার কৃষক প্রধানমন্ত্রী কৃষি সম্মাননিধি যোজনায় বছরে ৬ হাজার টাকা করে পাচ্ছেন। কেন্দ্র ও রাজ্য সরকার বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কৃষকদের আত্মনির্ভর করার কাজ করছে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লেফুঙ্গা বিএসি'র ভাইস চেয়ারম্যান বুদ্ধ দেববর্মা, মহকুমা শাসক সুভাষ দত্ত, হাটিকালচার ও সয়েল কনজারভেশন দপ্তরের অধিকর্তা ড. ফনীভূষণ জমাতিয়া প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা শরদিন্দু দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন লেফুঙ্গা বিএসি'র চেয়ারম্যান রণবীর দেববর্মা।

\*\*\*\*\*